



মোঃ মাকরুজ্জামান
সচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

“মোংলা বন্দরে তিন দিনব্যাপী সেফটি ইনডাকশন ট্রেনিং-২০২২ উদ্বোধন”

২৬,২৭ ও ২৮ জুলাই মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং সীল্যান্ড মার্সক বাংলাদেশ এর যৌথ উদ্যোগে বন্দর ব্যবহারীকারীদের নিয়ে তিন দিনব্যাপী Safety Induction Training-2022 প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোংলা বন্দরের ভারপ্রাপ্ত চেয়ারম্যান কমোডর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার। অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ক্লাইভ ভ্যান অনসেলে, চিফ অপারেশন অফিসার, সীল্যান্ড-এমার্সক কোম্পানী এশিয়া এবং জনাব তানিম শাহরিয়ার, কান্ট্রি ম্যানেজার, সীল্যান্ড মার্সক বাংলাদেশ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মবক এর প্রধান নিরাপত্তা কর্মকর্তা লেঃ কমান্ডার আব্দুল্লাহ আল মেহেদী। উক্ত প্রশিক্ষণে মবক এর কর্মকর্তা, কর্মচারী এবং বন্দরে পণ্য খালাস এর সাথে সংশ্লিষ্ট প্রশিক্ষকদের নিয়ে মোট ৩০০ জনকে প্রশিক্ষণ দেয়া হবে।

এই প্রশিক্ষণের মাধ্যমে মোংলা বন্দরের কর্মদক্ষতা, স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক বৃদ্ধিতে সহায়তা করবে। ভবিষ্যতে মোংলা বন্দরে এধরনের সেফটি ইনডাকশন ট্রেনিং চলমান থাকবে। যার ফলে মোংলা বন্দর সুরক্ষা নিশ্চিতকরণের ক্ষেত্রে একটি রোল মডেল হিসেবে বন্দরের সক্ষমতা আরো বৃদ্ধি পাবে।

স্বাক্ষরিত/-
সচিব